

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭৭৯(আগরতলা, ১৮।২)
বিশ্রামগঞ্জ, ১৮ ফেব্রুয়ারি, ২০২০

চড়িলাম ব্লক ভিত্তিক কৌশল মেলা অনুষ্ঠিত

সরকারী ও বেসরকারীস্তরে বেকার যুবক যুবতীদের প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্য নিয়ে সম্প্রতি চড়িলাম ব্লকের লীলাদেব স্মৃতি কমিউনিটি হলে অনুষ্ঠিত হয় চড়িলাম ব্লক ভিত্তিক কৌশল মেলা। দীনদয়াল উপাধ্যায় কৌশল বিকাশ যোজনায় চড়িলাম পঞ্চায়েত সমিতির উদ্যোগে আয়োজিত এই কৌশল মেলায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চড়িলাম পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান মলিন অধিকারী, বি এ সি চেয়ারম্যান রাজীব দেববর্মা, বিশিষ্ট সমাজসেবী রাজকুমার দেবনাথ প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বি ডি ও জয়দ্বীপ চক্রবর্তী। কৌশল মেলায় বহিরাঙ্গ্যের ৫টি বেসরকারী সংস্থার প্রতিনিধিগণও উপস্থিত ছিলেন। এদিনের এই কর্মসূচিতে ব্লকের ৫৫০ জন বেকার যুবক যুবতী অংশগ্রহণ করেন।
